গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-৭৮৫- বিচার-৩/১ডি-১১/২০১১,

তারিখঃ ০৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।
২৪ অক্টোবর, ২০১৬ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

যেহেতু, ঠাকুরগাঁওয়ের সাবেক জেলা ও দায়রা জজ, বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ), জনাব মোঃ রুহুল আমিন খোন্দকার এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে- অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১১/২০১১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ রুহুল আমিন খোন্দকার এর কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে তাঁর প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে- অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত হয়।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঠাকুরগাঁওয়ের সাবেক জেলা ও দায়রা জজ, বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ), জনাব মোঃ রুহুল আমিন খোন্দকার-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০১১ নং বিভাগীয় মামলায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে-অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী তাঁকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ-

(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

নং-৭৮৫-/১(১১)- বিচার-৩/১ডি-১১/২০১১,

তারিখঃ ০৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।
২৪ অক্টোবর, ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও।
৩। জনাব মোঃ রুহুল আমিন খোন্দকার, সংযুক্ত কর্মকর্তা (জেলা ও দায়রা জজ), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা- ১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের আদেশটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
৮। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৪/১০/২০১৬

(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১